

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
ইরেসপো-২য় পর্যায়
পল্লী ভবন, ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.iresppw-brdb.gov.bd

স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯৬৬.০৬.০০৭.২১.৩২৭

তারিখ: ৩০ বৈশাখ ১৪৩২
১৩ মে ২০২৫ খ্রি.


বিষয়: হাইস্কুলগামী কিশোরীদের জমাকৃত সঞ্চয় ও প্রণোদনার অর্থ তাদের ব্যক্তিগত ব্যাংক হিসাবে স্থানান্তর প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (ইরেসপো)-২য় পর্যায় প্রকল্পের হাইস্কুলগামী কিশোরীদের জন্য পরিচালিত স্কুল প্রোগ্রামের আওতায় কিশোরীদের নিজস্ব জমাকৃত সঞ্চয় ও প্রকল্প থেকে প্রদত্ত সঞ্চয় প্রণোদনার অর্থ IRESPPW (SG) BRDB শিরোনামে স্থানীয়ভাবে বিভিন্ন তফসীলি ব্যাংকে স্থায়ী আমানত হিসাবে সংরক্ষিত রয়েছে। প্রকল্পের স্টিয়ারিং কমিটির সিদ্ধান্ত মোতাবেক প্রত্যেক কিশোরীর ব্যক্তিগত ব্যাংক হিসাবে তাদের নিজস্ব জমাকৃত সঞ্চয় ও সঞ্চয় প্রণোদনার অর্থ জমা করার উদ্দেশ্যে বাংলাদেশ কৃষি ব্যাংক ও রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের সংগে সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। উক্ত সমঝোতা স্মারকের আলোকে ইতোমধ্যে রংপুর জেলা ব্যতিত অন্যান্য সকল উপজেলায় বাংলাদেশ কৃষি ব্যাংক কর্তৃক কেন্দ্রীয়ভাবে অধিকাংশ কিশোরীর ব্যক্তিগত ব্যাংক হিসাব খোলা সম্পন্ন হয়েছে। যে সকল কিশোরীর বয়স ৩০/০৬/২০২৫ তারিখের পূর্বে ১৮ বছর পূর্ণ হবে এবং যাদের ব্যক্তিগত ব্যাংক হিসাব এখনো খোলা হয়নি তারা ব্যতিত অবশিষ্ট সকল কিশোরীর ব্যক্তিগত ব্যাংক হিসাবে তাদের সঞ্চয় ও প্রণোদনার অর্থ জমা দিতে হবে। এ ক্ষেত্রে নিম্নোক্ত প্রক্রিয়া অনুসরণ করা যেতে পারে।

কিশোরী সফটওয়্যারের কিশোরী সংক্রান্ত রিপোর্ট এর কিশোরী সঞ্চয় আদায় ও প্রণোদনা টপশিট রিপোর্টে ক্লিক করে প্রত্যেকটি হাইস্কুলওয়্যারী যে রিপোর্ট জেনারেট করবে তা কপি করে এক্সেল শীটে স্থানান্তর করে সংযুক্ত ছক অনুযায়ী তথ্যসহ সদস্যওয়্যারী সঞ্চয় ও প্রণোদনার অর্থ এবং সর্বমোট যোগফল হিসাব করে বাংলাদেশ কৃষি ব্যাংক বরাবর সমপরিমাণ অর্থ পে-অর্ডার আকারে জমা দিয়ে প্রত্যেকের ব্যাংক হিসাবে অর্থ স্থানান্তর সম্পন্ন করতে হবে।

এমতাবস্থায়, রংপুর জেলা ব্যতিত অন্যান্য সকল উপজেলায় প্রকল্পের আওতায় খোলা IRESPPW (SG) BRDB ব্যাংক হিসাবে রক্ষিত কিশোরীদের সঞ্চয় ও সঞ্চয় প্রণোদনার অর্থ এতদসংগে প্রেরিত ছক মোতাবেক বাংলাদেশ কৃষি ব্যাংক এর নিকটবর্তী শাখায় কিশোরীদের ব্যক্তিগত ব্যাংক হিসাবে প্রদত্ত নির্দেশনা মোতাবেক স্থানান্তরের জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, এ বিষয়ে কোন জটিলতা বা তথ্যের প্রয়োজন হলে জনাব আশিষ কুমার দাস, উপমহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, মোবাইল নং- ০১৭১২৯১৩৬৩৬ এবং জনাব মো: ফিরোজ আহাম্মেদ, প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা মোবাইল নং- ০১৭১১১৮৯২৫১ এর সংগে যোগাযোগ করা যেতে পারে।

সংযুক্তি: ছক (০১ পাতা)


মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক
ফোন-০২৪১০১০৩৪৩
iresppwad@gmail.com

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা

উপজেলা....., জেলা..... (প্রকল্পভুক্ত সকল উপজেলা)

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. জনাব আশিষ কুমার দাস, উপ মহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, কাওরান বাজার শাখা, ঢাকা
২. উপপরিচালক, বিআরডিবি, জেলা:..... (প্রকল্পভুক্ত সকল জেলা)
৩. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
৪. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা
৫. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো), বিআরডিবি, উপজেলা..... (প্রকল্পভুক্ত সকল উপজেলা)
৬. অফিস নথি।

ছক

ক্র: নং	কিশোরীর নাম	কোড	ব্যাংক হিসাব নং	সঞ্চয় আদায়ের পরিমাণ	সঞ্চয় প্রণোদনা প্রদান	মোট
১	২	৩	৪	৫	৬	৭=(৫+৬)

